যুগান্তর

তারিখ: 16 JAN 2017
পৃষ্ঠা

হাইকোর্টের রুল

# পুলের ৩৮৮ শিক্ষককে কেন স্থায়ী নিয়োগ দেয়া হবে না

যুগান্তর রিপোর্ট

পুলের অধীনে থাকা ৩৮৮ জনকে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে কেন স্থায়ী নিয়োগ দেয়া হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। ১০ দিনের মধ্যে সরকারকে রুলের জবাব দিতে বলা হয়েছে। এ বিষয়ে করা পৃথক ৪টি রিটের শুনানি নিয়ে রোববার বিচারপতি তারিক উল হাকিম ও বিচারপতি এম ফারুকের সমন্বয়ে গঠিত বেঞ্চ এ রুল জারি করেন। আদালতে আবেদনের পক্ষে শুনানি করেন অ্যাডভোকেট মোহাম্মদ ছিদ্দিক উল্লাহ মিয়া। রাষ্ট্রপক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল আমাতুল করিম।